

ডায়েরি
পৃষ্ঠা ৫

বিজ্ঞান উন্নয়ন কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীদের কাজ নেই

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অধীন নয়টি সরকারী টিটি কলেজের নয়টি বিজ্ঞান উন্নয়ন কেন্দ্রে দীর্ঘ ৬০ মাস অর্থাৎ পাঁচ বছর যাবৎ কোনো কার্যক্রম নেই। এতে কেন্দ্রগুলোর ২৭৭ জন স্থায়ী ও নিয়মিত কর্মকর্তা-কর্মচারী বেকার হয়ে পড়েছেন। বিনা নোটিসে দীর্ঘ ৫ বছর যাবৎ কেন্দ্রগুলোতে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রাখা হয়েছে। অথচ প্রতিবছর রাজস্ব বাজেট থেকে কেন্দ্রের জন্য এক কোটি টাকা রাজস্ব ব্যয় অপচয় হয়। যেখানে কার্যক্রম নেই সেখানে কোটি টাকার বাজেট কোন্ স্বার্থে? কর্মচারীরা চরম হতাশায় দিন পার করছেন। এদিকে বিভিন্ন সরকারী কলেজে শূন্যপদ রয়েছে। সেখানে বিজ্ঞান কেন্দ্রের দক্ষ জনবল বদলি করলে বা আত্মীকরণের ব্যবস্থা করলে রাষ্ট্রের ব্যয়ভার কমবে আর কর্মচারীরাও কাজ পাবেন। বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করে আশু ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

গোলাম কিবরিয়া,
জোনাল অফিসার,
বিজ্ঞান উন্নয়ন কেন্দ্র,
রাজশাহী।